

নং-৩৬.১০.০০০০.০০৩.১১.০৭৩.১৯৫ ৩২/৪

তারিখঃ ২৫/০৫/২০১৯

নিয়োগ আদেশ

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর বিভাগীয় নির্বাচনী/পদোন্নতি কমিটির সুপারিশ মোতাবেক নিম্নোক্ত প্রার্থীকে এ দপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর স্থায়ী পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
০১	১৩০০০০৫৯০	জনাব মাসুম পারভেজ পিতা- মোঃ নূরুল ইসলাম	গ্রাম- মেথুয়াকান্দা, ডাকঘর- লক্ষ্মীবরদী, উপজেলা- সোনারগাঁও জেলা- নারায়নগঞ্জ।

০২। শর্তাবলীঃ

- (ক) প্রার্থীকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতার প্রয়োজনীয় সনদপত্র চাকুরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;
 - (খ) চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে;
 - (গ) ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)তে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২(দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গণ্য হবে;
 - (ঘ) যোগদানের সময় সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
 - (ঙ) স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন;
 - (চ) শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন;
 - (ছ) সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকুরিতে স্থায়ী করা হবে না;
 - (জ) পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত সমুদয় অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবে;
 - (ঝ) মুক্তিযোদ্ধা কোটা, আনসার-ভিডিপি ও প্রতিবন্ধী কোটায় নিয়োগ প্রাপ্তদের এ সংক্রান্ত কোন বিরূপ প্রতিবেদন/তথ্য পাওয়া গেলে তাঁদের এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
 - (ঞ) মুক্তিযোদ্ধা পোষ্য বিষয় যাচাইয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে কোনরূপ বিরূপ মন্তব্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত সমুদয় অর্থ ফেরৎ প্রদান করতে হবে;
 - (ট) স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গরমিল প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
 - (ঠ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং
 - (ড) এ নিয়োগ সংক্রান্ত যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৩। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ১৪ জুলাই, ২০১৯ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে পরিচালক, ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও), ৯১, মতিঝির বা/এ, ঢাকা-১০০০ এ যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যথাসময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। চাকুরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- ০৫। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(এস. এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ৯৫৬২৮৮৩।

বিতরণঃ

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
শিল্প মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। জনাব মাসুম পারভেজ, পিতা- মোঃ নূরুল ইসলাম
গ্রাম- মেথুয়াকান্দা, ডাকঘর- লক্ষ্মীবরদী, উপজেলা- সোনারগাঁও, জেলা- নারায়নগঞ্জ।
- ০৩। হিসাব শাখা, এনপিও, ঢাকা।
- ০৪। অফিস কপি।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। সচিব
শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝির বা/এ, ঢাকা-১০০০।
(দৃঃআঃ যুগ্ম সচিব (প্রশাসন-২)।